# শ্রেষ্ঠ নারী উপসহকারী কৃষি কর্মকর্তা মনোনয়ন

উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
ধামইরহাট, নওগাঁ।

Zubair
৩/১১/২৫

মোঃ তৌফিক আল জুবায়ের
উপজেলা কৃষি অফিসার
ধামইরহাট, নওগাঁ।

| | |
|---|---|
| কর্মকর্তার নাম | ঃ মোছাঃ লাবনী খাতুন |
| পদবী | ঃ উপসহকারী কৃষি কর্মকর্তা |
| চাকরীতে যোগদান | ঃ ২০.০৯.২০২১ |
| ব্লকে যোগদান | ঃ ২৭.০৯.২০২১ |
| ব্লক | ঃ চকচন্ডি |
| ইউনিয়ন | ঃ উমার |
| উপজেলা | ঃ ধামইরহাট |
| জেলা | ঃ নওগাঁ। |

## ব্লকভিত্তিক পরিসংখ্যান

| | |
|---|---|
| ব্লকের আয়তন | ঃ ১৩৭১ হেক্টর |
| আবাদী জমির পরিমান | ঃ ১০৯৭ হেক্টর |
| ব্লকের মোট জনসংখ্যা | ঃ ৯৩৯৭ জন |
| কৃষক পরিবারের সংখ্যা | ঃ ২৮৬৫ টি |
| উৎপাদিত প্রধান ফসল | ঃ ধান,গম,সরিষা,আলু, সবজী, ফল বাগান । |

## পটভূমি


ভারত বাংলাদেশ সীমানা সংলগ্ন এই ব্লকের কৃষক কৃষিতে ততটা উন্নত ছিলো না। এ এলাকার মানুষ মুলত ধান চাষের উপর বেশী নির্ভরশীল। ফলে অন্যান্য ফসল চাষে তারা তেমন আগ্রহী নয়। এছাড়া এ এলাকার কৃষকদওে মাঝে স্থানীয় এবং ভারতীয় কিছু জাতের ধান চাষের প্রবণতা বেশী ছিলো। গত কয়েক বছরে তাদের উদ্বুদ্ধ করণের মাধ্যমে উফশী এবং হাইব্রীড ধান চাষে আগ্রহী করা সম্ভব হয়েছে।



## ব্লকের কার্যক্রম সমুহঃ

- **তেল ফসলের আবাদ বৃদ্ধিঃ**

ব্লকে প্রতিদিন গড়ে ২৮২ লিটার তেল এর চাহিদা রয়েছে যা বছরে ১,০২,৯৩০ লিটার। এই বিপুল পরিমান তেল কৃষক যাতে নেজে উৎপাদন করতে পারে সেজন্য বিভিন্নকার্যক্রম গ্রহণ করা হয়েছে। কৃষকদের উদ্বুদ্দ করণের মাধ্যমে ২০২১-২২ অর্থ বছরে ৮৫ হেক্টর জমিতে ১২৫.৮ মে.টন সরিষা এবং সূর্যমুখি, তিল ,চিনাবাদাম ৫ হেঃ জমিতে আবাদ হয়েছিলো যা ২০২২-২৩ অর্থ বছরে সরিষার আবাদ হয়েছে ১৬৫ হেক্টর জমিতে। যেখানে মোট সরিষা উৎপাদন হবে প্রায় ২৩০ মে.টন ।





## ➢ উফশি এবং হাইব্রিড ধান আবাদঃ

গত ২০১৯-২০ অর্থ বছরে এই ব্লকে আউশ আবাদ ছিলো মাত্র ৪ হেঃ যা ২০২২-২৩ অর্থ বছরে ৮০ হেঃ , আমন ছিলো ৮২০ হেঃ যা ৯৫৫ হেঃ এবং বোরো ছিলো ৭৮০ হেঃ যা ৯০০ হেঃ এ উন্নিত করা সম্ভব হয়েছে। এ্ছারা স্থানীয় জাতের পরিবর্তে ব্রি এবং বিনা উদ্ভাবিত উফশী এবং হাইব্রিড ধান চাষে আগ্রহী হয়েছে। যা দেশের সামগ্রীক ধান উৎপাদনে গুরুত্বপূর্ণ অবদান রাখছে।





➢ <u>গম আবাদ বৃদ্ধিঃ</u>

এই ব্লকের কৃষক গম আবাদে তেমন আগ্রহী ছিলো না তবে গত ২০১৯ -২০ অর্থ বছরে স্বপ্ল পরিসওে কিছু কৃষককে গম আবাদে উদ্বুদ্ধ করা হয়। এত ভালো ফলণ পাওয়ায় বর্তমানে অনেক কৃষক গম আবাদে আগ্রহী হয়েছে । ২০১৯-২০ অর্ত বছরে যেখানে মাত্র ৪ হেঃ জমিতে গম আবাদ হয়েছিলো ২০২২-২৩ অর্থ বছরে তা ৮০ হেঃ এ উন্নিত হয়েছে।







➢ <u>পতিত জমির ব্যবহারঃ</u>

জমির আইল ও রাস্তার ধারের পতিত জমির ব্যবহারের জন্য কৃষকদের উদ্বুদ্ধ করে তিল ও মাসকলাইয়ের চাষ করানো হচ্ছে । এতে কৃষক আর্থিকভাবে লাভবান হচ্ছে এবং পতিত জমির ব্যবহার বৃদ্ধি পাচ্ছে।






➢ <u>সবজী চাষ ঃ</u>

বসতবাড়ির আঙ্গিনায় অনাবাদী পতিত জমিতে সবজী চাষের জন্য পারিবারিক পুষ্টি বাগান স্থাপনের জন্য কৃষকদের উদ্বুদ্ধ করা হচ্ছে । বিষেশ করে কৃষাণীদেও সাথে উঠান বৈঠক ও আলোচনা সভার মাধ্যমে তাদের প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।



➤ **<u>ফল বাগান সম্প্রসারণঃ</u>**

এই ব্লকের কৃষক মুলত ফল গাছ নিজে খাওয়ার জন্য লাগাতো তবে উদ্বুদ্ধ করণের মাধ্যমে তাদেও বানিজ্যিক ভিত্তিতে ফল বাগান করছে। পূর্বে এখানে ৩৩ হেঃ জমিতে আম সহ বিভিন্ন ফলেন চাষ হলেও বর্তমানে তা ৫৫ হেঃ হয়েছে।

এছাড়া মাল্টা চাষ নতুন হলেও ২০২১-২২ হতে এ পর্যন্ত ৯ কৃষক মোট ৪ একর জমিতে মাল্টার বাগান গড়ে তুলেছেন।



➢ এক নজরে বছর ভিত্তিক আবাদ সম্প্রমারণ (হে.)

| ফসল | ২০২১-২২ | ২০২২-২৩ | (পার্থক্য হে.) |
|---|---|---|---|
| আউশ | ৬০ | ৮০ | + ২০ |
| আমন | ৮৬০ | ৯৫৫ | +৯৫ |
| বোরো | ৮৭০ | ৯০০ | +৩০ |
| গম | ৬০ | ৮০ | +২০ |
| সরিষা | ১০০ | ১৬৫ | +৬৫ |
| আম | ৩০ | ৪৫ | +১৫ |
| সবজী | ১০ | ২২ | +১২ |
| আলু | ৮০ | ৯৫ | +১৫ |

